## টেরাকোটা



প্রাপ্তিস্থান- সোনারগাঁও, কিশোরগঞ্জ
মূল্য-১০০-৫০০ টাকা

টেরাকোটা-'টেরা' অর্থ মাটি এবং 'কোটা' অর্থ পোড়ানো। কাদামাটি দিয়ে তৈরি এবং আগুনে পুড়িয়ে শক্ত করা যেকোনো শিল্পকর্মকে টেরাকোটা বলা হয়। টেরাকোটা বাংলার লোকজ ঐতিহ্যের একটি অংশ। এটেল মাটি দিয়ে হাতের নৈপুণ্য ও কারিগরি জ্ঞানের মাধ্যমে টিপে টিপে তৈরি করে টেরাকোটা।

## শংখশিল্প



প্রাপ্তিস্থান-খুলনা, ঢাকা
মূল্য-১০০-৫০০ টাকা

শঙ্খশিল্প হলো শঙ্খ বা শাঁখা দিয়ে তৈরি এক ধরনের ঐতিহ্যবাহী হস্তশিল্প। শঙ্খশিল্পের সঙ্গে প্রাচীন ঐতিহ্য, ধর্মীয় বিশ্বাস ও কারুকার্য জড়িয়ে আছে। শঙ্খশিল্প লোকজ অলংকার শিল্পের বিশেষ স্থান ধরে রেখেছে।

## বাঁশ বেত শিল্প




প্রাপ্তিস্থান-টাঙ্গাইল, সিলেট
নারায়ণগঞ্জের সোনারগাঁও
মূল্য-২০০-২০০০ টাকা

বাংলাদেশের উৎপাদিত বাঁশ ও বেতের বিভিন্ন কারুপণ্য গ্রামীণ জীবনের অপরিহার্য উপাদান। বাঁশ বেতের লোকশিল্প আমাদের সংস্কৃতি ও ঐতিহ্যকে গৌরবান্বিত করেছে।

## কাঠখোদাই শিল্প

প্রাপ্তিস্থান-নারায়ণগঞ্জের সোনারগাঁও
রংপুর, যশোর
মূল্য-২০০-১০,০০০ টাকা



দারুশিল্পে কাঠের গায়ে খোদাই করা নকশা শিল্প। প্রাত্যহিক জীবনে ব্যবহৃত ফার্নিচার, আসবাব ছাড়াও কাঠের অলঙ্করণে দারুশিল্পের কারুপণ্য জনপ্রিয়।

# বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন

## সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

## সোনারগাঁও, নারায়ণগঞ্জ



# বাংলাদেশের লোক ও কারুশিল্প

www.sonargaonmuseum.gov.bd





বিশ্বময় লোক ও কারুশিল্পের
ঐতিহ্যের ধারাবাহিকতা বেগবান
রাখতে হলে সংরক্ষণ ও উপহার
প্রদানের মাধ্যমই একমাত্র উপায়।
যার মধ্য দিয়ে পৃষ্ঠপোষকতার
অনুভবে লোকজ সংস্কৃতির নিজস্ব
পরিচয় টিকে থাকবে যুগযুগ ধরে
সম্মিলিত প্রচেষ্টায়...

**বিপণন সহায়তায়**

বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
সোনারগাঁও, নারায়ণগঞ্জ

## অলংকার শিল্প

প্রাপ্তিস্থান-ঢাকা, নারায়ণগঞ্জ
মূল্য-২০০-৩০০০ টাকা



বাংলাদেশের লোক ঐতিহ্যে অলংকারশিল্প গুরুত্বপূর্ণ। লোক অলংকারের মধ্যে বালা, চুড়ি, রুলি, হাঁসুলি, মাদুলী, সাতনরী, বিছাহার, চন্দ্রহার, কোমরবিছা, কানফুল, ঝুমকা, খাড়ু, বাজামল, নুপুর, আংটি, নোলক, নাকফুল উল্লেখযোগ্য।

## বাদ্যযন্ত্র শিল্প



প্রাপ্তিস্থান-ঢাকা, কুষ্টিয়া, রাজশাহী
মূল্য-১০০০-৪০,০০০ টাকা

বাংলাদেশের বাদ্যযন্ত্র শিল্প লোকজ সাংস্কৃতিক ঐতিহ্য। বিশেষ করে একতারা, দোতারা, সারিন্দা, বাঁশি, খমক, ঢোল, তবলা, হারমোনিয়ামসহ বিভিন্ন ধরনের বাদ্যযন্ত্র। বাদ্যযন্ত্রশিল্প আমাদের লোকজ সংস্কৃতির অন্যতম উপাদান।

## কাঠের চিত্রিত হাতি

প্রাপ্তিস্থান-নারায়ণগঞ্জের সোনারগাঁও
মূল্য-৫০০-৫০০০ টাকা



বাংলাদেশের ঐতিহ্যবাহী কারুশিল্পের মধ্যে সোনারগাঁওয়ের তৈরি এক কাঠের উপর খোদাই করা চিত্রিত খেলনা প্রসিদ্ধ। হাতি ঘোড়ার খেলনা লোকজ ঐতিহ্য হিসেবে সমাদৃত হয়ে আসছে।

## পাটজাত শিল্প



প্রাপ্তিস্থান-ফরিদপুর, রংপুর, ঢাকা
নারায়ণগঞ্জের সোনারগাঁও
মূল্য-২০০-১২০০ টাকা

বাংলাদেশ সোনালি আঁশের দেশ। পাট থেকে প্রয়োজনীয় পণ্য তৈরি প্যাকেজিং ব্যাগসহ শৌখিন পণ্যও তৈরি হয়। পাটজাত কারুপণ্যে গ্রামীণ ঐতিহ্য সৌন্দর্য চেতনারও প্রকাশ ঘটে।

## জামদানি



প্রাপ্তিস্থান-নারায়ণগঞ্জের তারাবো রূপগঞ্জ, সোনারগাঁও
মূল্য-১০,০০০-৬০,০০০ টাকা

প্রাচীনকালে তাঁত বুনন প্রক্রিয়ায় কার্পাস তুলার সুতা দিয়ে মসলিন নামে সুক্ষ্ম মিহি বস্ত্র তৈরি করা হতো এবং মসলিনের উপর যে জ্যামিতিক বুটিদার বস্ত্র বোনা হতো সেটিই জামদানি। ২০১৩ সালে ইউনেস্কো জামদানি বুনন শিল্পকে অপরিমেয় সাংস্কৃতিক ঐতিহ্য হিসেবে স্বীকৃতি প্রদান করে। জামদানি জিআই পণ্য হিসেবে সমাদৃত।

## শতরঞ্জি



প্রাপ্তিস্থান-রংপুর
মূল্য-২০০-১০,০০ টাকা

শতরঞ্জি বা ডুরি মূলত এক প্রকার কার্পেট। মধ্যবৃত্ত এবং অভিজাত শ্রেণির গৃহে, বাংলো বাড়িতে বা খাজাঞ্চিখানায় বিশেষ আসন হিসেবে শতরঞ্জি ব্যবহৃত হয়। শতরঞ্জি বিভিন্ন দেশে রপ্তানি হয়। শতরঞ্জি জিআই পণ্য হিসেবে সমাদৃত।

## কাপড়ের পুতুল



প্রাপ্তিস্থান- ঢাকা, ময়মনসিংহ
মূল্য-৩০০-১০০০ টাকা

বাংলার পুতুল বাঙালির অন্যতম ঘরোয়া শিল্পকর্ম। সুপ্রাচীনকাল থেকে এদেশের ঘরে ঘরে পুতুল তৈরি করা হয়। কাপড়ের পুতুল নরম কাপড় ও তুলা দিয়ে তৈরি লোকজ খেলনা বিশেষ।

## শখের হাড়ি



প্রাপ্তিস্থান- সোনারগাঁও, রাজশাহী
মানিকগঞ্জ
মূল্য-২০০-৫০০০ টাকা

শখের হাঁড়ি চিত্রিত মৃন্ময় পাত্র। বাঙালির জীবনসম্পৃক্ত বিবিধ শৌখিন শিল্পোপকরণের মধ্যে শখের হাঁড়ি অন্যতম। আমাদের সামাজিক উৎসব-পার্বণে শখের হাঁড়ির ব্যবহার রয়েছে।

## সরাচিত্র



প্রাপ্তিস্থান-ঢাকা, মুন্সিগঞ্জ, নারায়ণগঞ্জ
মূল্য-২০০-৬০০ টাকা

সরাচিত্র বাংলার প্রাচীনতম মৃৎশিল্পের এক ঐতিহ্যবাহী মাধ্যম। বাংলার গ্রামীণ জীবন ও লোকসংস্কৃতির নানা উপাদান সরাচিত্রে জড়িয়ে আছে।

## মৃৎপাত্র



প্রাপ্তিস্থান- সোনারগাঁও, নারায়ণগঞ্জসহ সারাদেশ
মূল্য-১০০-৫০০ টাকা

মাটি এবং অন্যান্য কাঁচামাল দিয়ে তৈরি শিল্পকর্ম, যা উচ্চ তাপে পুড়িয়ে শক্ত ও টেকসই করা হয়। এটি প্রাচীনতম শিল্পগুলোর মধ্যে অন্যতম এবং এটি খাবার সংরক্ষণ, রান্না, তরল পদার্থ ধারণ ও সাজসজ্জার কাজে ব্যবহৃত হয়।

## নকশি কাঁথা



প্রাপ্তিস্থান- যশোর, কুষ্টিয়া, রাজশাহী,
চাঁপাইনবাবগঞ্জ, জামালপুর
মূল্য-৫০০০-২০,০০০ টাকা

বাংলাদেশের লোক ও কারুশিল্পের ভুবনের অনন্য ও বৈচিত্র্যময় উপাদান নকশিকাঁথা। সুপ্রাচীনকাল থেকে অদ্যাবধি নকশিকাঁথা সমাদৃত হয়ে আসছে। জামালপুরের নকশি কাঁথা জিআই পণ্য হিসেবে সমাদৃত।

## দেশজ খেলনা



প্রাপ্তিস্থান- যশোর, কুষ্টিয়া, রাজশাহী,
চাঁপাইনবাবগঞ্জ, জামালপুর
মূল্য-৫০০০-২০,০০০ টাকা

লোকশিল্প এদেশের সংস্কৃতি ও শিল্পকলার ইতিহাসে গুরুত্বপূর্ণ ঐতিহ্যিক ধারা। এ ধারায় দেশীয় লোকজ খেলনা সামগ্রীতে টমটম গাড়ি, পুতুল, পাটের খেলনাসহ বিভিন্ন ধরনের খেলনা উল্লেখযোগ্য।

## শীতল পাটি




প্রাপ্তিস্থান-মৌলভীবাজার, সিলেট, বরিশাল, মুন্সিগঞ্জ
মূল্য-৬,০০০-২০,০০০ টাকা

বাঙালি সংস্কৃতির বিশেষ উপাদান শীতল পাটি। শীতল পাটির নামের মধ্যেই এর গুণ নিহিত। গুল্মজাতীয় এক ধরনের মূর্তা গাছের বেতি দিয়ে তৈরি মসৃণ মাদুরের নাম শীতল পাটি। শীতল পাটি জিআই পণ্য হিসেবে সমাদৃত

## রিকশাচিত্র



প্রাপ্তিস্থান-ঢাকা, নারায়ণগঞ্জ, কুমিল্লা
মূল্য-১৫০০-১০,০০০ টাকা

বাংলাদেশের লোকশিল্প ও সংস্কৃতির এক অবিচ্ছেদ্য অংশ রিকশাচিত্র। এটি রিকশাকে একটি বাহন থেকে চলমান ক্যানভাসে পরিণত করেছে। ২০২৩ সালের ইউনেস্কোর অপরিমেয় সাংস্কৃতিক ঐতিহ্য হিসেবে এই শিল্পের স্বীকৃতি দিয়েছে। রিকশাচিত্র শিল্প বিশ্বজুড়ে বাংলাদেশের সংস্কৃতি ও সৃজনশীলতার প্রতীক হয়ে উঠেছে।

## পটচিত্র



প্রাপ্তিস্থান-মুন্সিগঞ্জ, রাজশাহী
মূল্য-৩০০০-৩০,০০০ টাকা

পৌরাণিক উপাখ্যান বা মুসলিম পীর-ফকিরদের কাহিনী কাপড়ের উপর অংকিত চিত্রকর্মই পটচিত্র। এটি বাংলাদেশের হাজার বছরের লোকশিল্পকলার ঐতিহ্য উৎকর্ষে বৈশিষ্ট্যমণ্ডিত শিল্প

## নকশি হাত পাখা



প্রাপ্তিস্থান-নারায়ণগঞ্জের সোনারগাঁও
কুমিল্লা, চট্টগ্রাম
মূল্য-২০০-৫০০ টাকা

চিত্তাকর্ষক করার জন্য নানা নকশায় শোভিত হাতপাখাই নকশি পাখা। হাতপাখা শিল্প লোকজ ঐতিহ্যের অন্যতম উপাদান।